গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/ ৭২৬/৫ তারিখ: ২৯ /০৩/২০২১খ্রিস্ট্রাব্দ

বিষয় : গাজীপুর জেলার সদর উপজেলার রোভার পল্লী ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন।

সূত্র : কনটেম্পট পিটিশন নং- ০২/২০২১ এর আলোকে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের জনাব মোঃ এমদাদুল হক, ইনডেক্স-৩৩২৯১৭, সহকারী অধ্যাপক, বাংলা শিক্ষা মন্ত্রণালয়ের প্রথম শিক্ষক অধ্যক্ষ পদের ব্যাপারে অনাগ্রহী হওয়ায় কলেজের দ্বিতীয় জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য আবেদন করেন। জনাব শরিফুল ইসলাম এর বয়স ৬০ বছর পূর্ণ হওয়ায় ১৩/০২/২০২০খ্রি. তারিখে অবসরে যাওয়ার কারণে অধ্যক্ষের পদটি শুন্য হয়। কলেজের গভর্নিং বডির সভাপতি উক্ত কলেজের ৪র্থ শিক্ষক মোঃ আব্দুস ছালামকে ১৫/০২/২০২০খ্রি. তারিখে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী জনবল কাঠামো এমপিও নীতিমালা-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বভার অর্পনের জন্য মোঃ আব্দুস ছালাম কে ১৬/০৬/২০২০খ্রি. তারিখ পত্র দেয়া হয়। এবং ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, গাজীপুর শাখা, গাজীপুরকে বিধি মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষকের স্বাক্ষর ব্যতিত আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হয়।

গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা ছাড়করণে ব্যাংকে নির্দেশনা দেয়ার জন্য উক্ত কলেজের গভর্নিং বডির সভাপতি ০১/০৯/২০২০খ্রি. তারিখ আবেদন করেন। উক্ত আবেদনের গায়ে জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, মাননীয় সংসদ সদস্য ও প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আবেদন বিবেচনার জন্য সুপারিশ করেন।

সভাপতির পত্রের প্রেক্ষিতে মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৭৭৯/৩; তারিখ: ২৩/০৯/২০২০খ্রি. মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব দেয়ার জন্য ৩য় বার প্রতিষ্ঠানে পত্র দেয়া হয়।

প্রতিষ্ঠান হতে ২১/১০/২০২০ তারিখের গভর্নিং বডির সিদ্ধান্ত মোতাবেক প্রথম জ্যেষ্ঠতম শিক্ষক হিসেবে মোঃ আব্দুল আজিজ, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান কে দাবী করে তাঁকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করেছে। সে মোতাবেক কলেজের শিক্ষক-কর্মচারীদের জুন/২০২০ হতে অক্টোবর/২০ পর্যন্ত বেতন ভাতা প্রাপ্তির লক্ষে সংশ্লিষ্ট ব্যাংকে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মোঃ আব্দুল আজিজ আবেদন করেন। আবেদন পর্যালোচনা করে দেখা যায়, জনাব মোঃ আবু নাছের সরকার, ইনডেক্স-০১৭৮০৩, সহকারী অধ্যাপক, মার্কেটিং এমপিওভুক্তির দিক দিয়ে জ্যেষ্ঠ শিক্ষক। সে প্রেক্ষিতে মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৯৬.২০১৯/১৪১৭/৪; তারিখ: ০৮/১২/২০২০খ্রি. মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ এর ১৩ ধারা মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আবু নাছের সরকার, সহকারী অধ্যাপক, মার্কেটিংকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করার জন্য সভাপতিকে পত্র দেয়া হয়।

গাজীপুর জেলার সদর উপজেলাধীন রোভারপল্লী ডিগ্রি কলেজের (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) জনাব মোঃ আব্দুস ছালাম মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭২২৭/২০২০ এর ১৫/১১/২০২০খ্রি. তারিখের আদেশ যথাযথভাবে বাস্তবায়নপূর্বক কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা ছাড়করণের জন্য অনুরোধ করেন।

ইতিমধ্যে কলেজের স্মারক নং- রোক/১৮৮০/২০২১; তারিখ: ০৭/০২/২০২১খ্রি. মোতাবেক কলেজের জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আবু নাছের সরকারকে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব প্রদান করা হয়। বর্ণিত রিট মামলা নং ৭২২৭/২০২০ এর বিষয়ে অধ্যক্ষের দায়িত্ব পালন ও মামলার বিষয়ে করণীয় সম্পর্কে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চেয়ে নথিটি আইন শাখায় প্রেরণ করা হয়।

আইন শাখার মতামত: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং- ০২/২০২১ (রিট পিটিশন নং- ৭২৭২/২০২০ থেকে উদ্ভুত) এর প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা লিখিত মতামত প্রদান করেন।

''বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত, ''At this stage, there is no legal bar to withdraw the letter dated 23.09.2020 under Memo no. 37.02.0000.105.31.010.2020/779/3. As there is no order of stay from the Hon'ble Appellate Division in CPLA No. 409/2020, the letter dated 23.09.2020 can be withdrawn by the office".

গাজীপুর জেলার রোভার পল্লী ডিগ্রি কলেজের জনৈক জ্যেষ্ঠ শিক্ষক জনাব মোঃ আবদুস ছালাম অত্র অধিদপ্তরের বিগত ২৩/০৯/২০২০ তারিখের নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০.৭৭৯/৩ স্মারক পত্রের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৭২২৭/২০২০ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে মহামান্য হাইকোর্ট বিভাগ বিগত ১৫/১১/২০২০ তারিখের আদেশে ২৩/০৯/২০২০ তারিখের ইস্যুকৃত পত্র কে স্থগিত করেন।

মহামান্য হাইকোর্ট বিভাগের ১৫/১১/২০২০ তারিখের আদেশের বিরুদ্ধে অত্র অধিদপ্তর থেকে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ৪০৯/২০২০ দায়ের করা হয়। উক্ত আপিল মামলায় সরকার পক্ষে কোন স্থগিতাদেশ না পাওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ সরকারের প্রতি বাধার সৃষ্টি হয়।

অত:পর জনাব মো: আবদুস ছালাম মহামান্য হাইকোর্ট বিভাগে ১৫/১১/২০২০ তারিখের আদেশ বাস্তবায়ন না হওয়ায় মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং- ০২/২০২১ দায়ের করেন। উক্ত কনটেম্পট পিটিশনে মহাপরিচালক, মাউশি অধিদপ্তর গং কে বিবাদী করে রুল জারি করা হয়।

যেহেতু মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং- ৪০৯/২০২০ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ১৫/১১/২০২০ তারিখের আদেশ কে স্থগিত করে নাই সুতরাং অধিদপ্তর থেকে বিগত ২৩/১১/২০২০ তারিখে ইস্যুকৃত পত্র প্রত্যাহার করা প্রয়োজন।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে **বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত হলো:** যেহেতু, মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন ফল লিভ টু আপিল নং- ৪০৯/২০২০ মহামান্য হাইকোর্ট বিভাগের ১৫/১১/২০২০ তারিখের আদেশকে স্থগিত করে নাই, সেহেতু অত্র অধিদপ্তর থেকে বিগত ২৩/০৯/২০২০ তারিখে ইস্যুকৃত পত্র প্রত্যাহার করা যেতে পারে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০১০.২০২০/৭৭৯/৩; তারিখঃ ২৩/০৯/২০২০খ্রি. এতদ্বারা নির্দেশক্রমে প্রত্যাহার করা হলো।

29.3.21

(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭
Email-ncollege@dshe.gov.bd

সভাপতি
গভর্নিং বডি
রোভারপল্লী ডিগ্রি কলেজ
সদর, গাজীপুর

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। শিক্ষা কর্মকর্তা (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৩। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) রোভারপল্লী ডিগ্রি কলেজ, সদর, গাজীপুর
৪। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, গাজীপুর শাখা, গাজীপুর (পত্রের মর্ম অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫। সংরক্ষণ নথি।